

জিডি লিখন সহজীকরণ ও তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ

জিডি হচ্ছে সাক্ষ্য আইন, ১৮৬৭ এর ৩৫ ধারা অনুসারে একটি মূল্যবান সরকারী দলিল। নিয়মিত মামলার তুলনায় জিডি দ্বারা বিচার প্রার্থীগণ দ্রুত সেবা পেয়ে থাকেন। অত্র রাজশাহী রেঞ্জের সকল জেলার সকল থানায় জিডি সেবা সহজীকরণ এবং দ্রুততম সময়ে সাড়া দানের ফলে সেবা প্রত্যাশী মানুষের কাছে পুলিশের প্রতি আস্থা বৃদ্ধি পেয়েছে।

জিডির সেবা সহজীকরণে রাজশাহী রেঞ্জ নিম্নরূপ বিষয়গুলোর উপর গুরুত্বারোপ করেছে:

- জিডির এসএমএস সেবা:** বিচারপ্রার্থীগণ থানায় জিডি করার সাথে সাথে জিডির আবেদনকারীর মোবাইলে তদন্তকারী অফিসারের তথ্য (নাম, মোবাইল নম্বর) এসএমএস করে জানিয়ে দেওয়া হয়। এতে করে জিডির আবেদনকারী ও জিডি তদন্তকারীর সমন্বয় হয় এবং তদন্ত কার্যক্রম দ্রুততর হয়।
- কুইক রেসপন্স:** জিডির তদন্তকারী কর্মকর্তা/বিট অফিসার তাৎক্ষণিক জিডির পিও ভিজিটপূর্বক অনুসন্ধান কাজ শুরু করেন।
- প্রশিক্ষিত নারী পুলিশ দ্বারা জিডি লিখনে সহায়তা:** থানার আশেপাশে জিডি লেখার জন্য এক শ্রেণীর দালাল দ্বারা নিরীহ সেবা প্রার্থীগণ বিভিন্ন সময়ে আর্থিক প্রতারণার স্বীকার হতেন। দালালের হয়রানি বন্ধ করা এবং জিডি সেবা সহজীকরণের লক্ষ্যে রাজশাহী রেঞ্জের ৭১টি থানায় ০২ (দুই) জন করে প্রশিক্ষিত নারী পুলিশ সদস্যকে পদায়ন করা হয়। উল্লেখ্য যে, ইন-সার্ভিস ট্রেনিং সেন্টারগুলোতে জিডি লিখার পদ্ধতি সম্পর্কে সম্যক প্রশিক্ষণের পর তাদের পদায়ন করা হয়।



- ব্যবস্থাগ্রহণযোগ্য জিডি এর কার্যক্রমের উপর তদারকি:** ৭১টি থানার প্রতিটিতে Actionable জিডির রেজিস্ট্রার রক্ষণাবেক্ষণ করা হচ্ছে এবং প্রত্যহ রাত ১২ ঘটিকার পর ব্যবস্থা গ্রহণযোগ্য জিডির উপর কি কার্যকরী ব্যবস্থা গ্রহণ করেছেন সে সম্পর্কিত একটি প্রতিবেদন নিম্নবর্ণিত ছকে ডিআইজি অফিসে প্রতিদিন প্রেরণ করতে হয়। অত্র রেঞ্জ অফিসে কর্মকর্তাগণ গোয়েন্দা তথ্য সংগ্রহের মাধ্যমে প্রেরিত তথ্য যাচাই-বাছাই করে নিয়মিত প্রয়োজনীয় নির্দেশা প্রদান করেন।

জেলার নাম	থানার নাম	জিডি নম্বর, তারিখ ও সময়	সংবাদ দাতার নাম ও মোবাইল নম্বর	সংবাদের সংক্ষিপ্ত বিবরণ	হাওলাকৃত অফিসারের নাম, পদবী ও মোবাইল নম্বর	ঘটনাস্থল পরিদর্শনের সময়	কি ব্যবস্থা গৃহীত হয়েছে

ফলশ্রুতিতে জিডির উপর মনিটরিং ও জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হয়েছে। ফলে সেবা প্রত্যাশীগণের মাঝে দ্রুত ন্যায় বিচার প্রাপ্তির ক্ষেত্রে পুলিশের প্রতি আস্থা বৃদ্ধি পাচ্ছে।